

## রংপুর ভাঙ্গিটিতে ছাত্র ভর্তি এ বছরই

জেলা কার্জ পরিবেশক, রংপুর

শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিহুর রহমান বলেছেন, চলতি শিক্ষাবর্ষ থেকেই রংপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি ও ক্লাস শুরু হবে। বাসা ভাড়া নিয়ে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা হবে জানিয়ে তিনি বলেন, ভিত্তিচলক স্থাপন করে আসল কাজ ফুলিয়ে রাখার সংকল্পে আমরা বিশ্বাস করি না। গতকাল রংপুর বিশ্ববিদ্যালয়ের স্থান পরিদর্শন ভর্তি : পৃষ্ঠা : ১১ ক :

### ভর্তি : ছাত্র

(১ম পৃষ্ঠার পর)

করতে এনে তিনি এ কথা বলেন। তিনি বলেন, চলতি শিক্ষাবর্ষে ৫টি বিষয়ে ছাত্র ভর্তি ও ক্লাস শুরু করা হবে। বিভাগগুলো হচ্ছে ইংরেজি, অংক, অর্থনীতি, বিবিএ এবং কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। পর্যায়ক্রমে আরও ১২টি বিভাগ খোলা হবে। শিক্ষা উপদেষ্টা হোসেন জিহুর রহমান সকাল ৯টায় রংপুর কারমাইকেল কলেজের ৭৫ একর জায়গা যা বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য হুকুম দখল করা হয়েছে সেখানে এসে পৌঁছেন। তিনি সংগ্রাম প্রকাশ করে বলেন, এ অঞ্চলের মানুষের প্রাণের দাবি ছিল বিশ্ববিদ্যালয় স্থাপন করার- সে দাবি পূরণ হচ্ছে।

দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচন সম্পর্কিত সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে শিক্ষা উপদেষ্টা বলেন- তিনেব্বর মাসের মধ্যেই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান হবে। সব রাজনৈতিক দল ঘাতে নির্বাচনে অংশ নিতে পারে সেজন্য বিভিন্ন উদ্যোগ অব্যাহত রয়েছে বলে জানান তিনি। বিএনপিসহ ৪ দলীয় জোটের স্থানীয় সরকার নির্বাচন বয়কট প্রসঙ্গে বলেন, দেশের মানুষ নির্বাচনে অংশ নেয়ার ব্যাপারে উৎসাহী। দেশের মানুষ নির্বাচনে অংশ নেয়ার ব্যাপারে ইতিবাচক সাজা দিয়েছে।

এরপর শিক্ষা উপদেষ্টা রংপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রংপুর বিশ্ববিদ্যালয় স্থাপন ও কর্মকাণ্ড শুরু করার ব্যাপারে এক মতবিনিময় সভায় মিলিত হন। সভায় রংপুরের শিক্ষকসহ নৃশীল সমাজের বিপুলসংখ্যক মানুষ অংশ নেন। বক্তারা রংপুর বিশ্ববিদ্যালয় স্থাপন ও কর্মকাণ্ড শুরু করার জন্য তত্রাবধায়ক সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন, এর আগে অনেক সরকার ততমতায় এনেছে তারা কেউই রংপুরের মানুষের প্রাণের দাবি বিশ্ববিদ্যালয়, বিভাগ, শিক্ষা বোর্ড স্থাপন কোনটি বাস্তবায়ন করেনি। তারা বলেন, আমরা যোগ্য না বাস্তবায়ন দেখতে চাই।